গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

# সংবাদ গতিধারা

ঢাকা, রোববার ৮ মার্চ ২০১৫, ২৪ ফাল্গুন ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জঙ্গিবাদ, সন্ত্রাসের বিরুদ্ধে রুখে দাঁড়াতে দেশবাসীর প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান
২। ভুল প্রশ্নের কারণে ক্ষতিগ্রস্ত হবে না শিক্ষার্থীরা : শিক্ষামন্ত্রী
৩। প্রক্রিয়া শেষে খালেদা জিয়ার পরোয়ানা থানায় যাবে : স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী
৪। বিশ্ব নারী দিবস আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী এ উপলক্ষে পৃথক বাণী দিয়েছেন
৫। রাষ্ট্রপতির ক্ষমতা বাড়াতে হবে : বিশিষ্ট নাগরিকদের প্রস্তাব
৬। দেশের বিদ্যুৎ খাতে ২ লাখ ৫২ হাজার কোটি টাকা বিনিয়োগে আগ্রহী চীন
৭। প্রবল বন্যাঝুঁকিতে বাংলাদেশ, চীন ও ভারত
৮। দেশে প্রতি ঘণ্টায় পাঁচ জন কিডনি রোগী মারা যাচ্ছে
৯। অবরোধে টেলিফোন এক্সচেঞ্জ, ভূমি অফিস ও গাড়িতে আগুন
১০। সোয়াইন ফ্লু ঝুঁকিতে দেশ
১১। দেশে তৈরি হয় এমন ওষুধই দ্বিগুণ দামে আমদানি

চলমান পাতা/২

১। জঙ্গিবাদ, সন্ত্রাসের বিরুদ্ধে রুখে দাঁড়াতে দেশবাসীর প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিএনপি নেত্রী শুধু দুর্নীতির মামলার আসামি নন, বহু মানুষকে খুনের হুকুমের আসামি। আর তাই একজন খুনির যেভাবে বিচার হয়, তাঁর বিচারও হবে সেভাবে। শাস্তি তাঁকে পেতেই হবে। আন্দোলনের নামে বিএনপি জোটের নাশকতার বিরুদ্ধে রুখে দাঁড়াতে তিনি দেশবাসীর প্রতি আহ্বান জানান। দেশের মানুষকে জঙ্গিবাদ, সন্ত্রাসের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, এই জঙ্গিবাদের বিরুদ্ধে সম্মিলিতভাবে প্রতিরোধ গড়ে তুলুন। এদের রুখে দিন। এটিই ঐতিহাসিক ৭ মার্চের এবারের আহ্বান। ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে সোহরাওয়ার্দী উদ্যানে গতকাল ৭ মার্চ শনিবার আওয়ামী লীগের জনসভায় এসব কথা বলেন প্রধানমন্ত্রী। সূত্র-ইত্তেফাক, জনকণ্ঠ, ভোরের কাগজ, ডেইলি সান, নিউজ টুডে, বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। ভুল প্রশ্নের কারণে ক্ষতিগ্রস্ত হবে না শিক্ষার্থীরা : শিক্ষামন্ত্রী

এসএসসির পদার্থবিজ্ঞান বিষয়ের পরীক্ষায় ভুল প্রশ্নের জন্য পরীক্ষার্থীরা নম্বর পাওয়ার ক্ষেত্রে কোনোভাবেই ক্ষতিগ্রস্ত হবে না বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল ৭ মার্চ শনিবার রাজধানীর মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে এসএসসি পরীক্ষার্থীদের অভিভাবকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা জানান। এক প্রশ্নের জবাবে মন্ত্রী অভিভাবকদের আশ্বস্ত করেন, আগামী ১ এপ্রিল নির্ধারিত দিনেই এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে। সূত্র-সমকাল (পৃ.২,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.১), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.১)।

৩। প্রক্রিয়া শেষে খালেদা জিয়ার পরোয়ানা থানায় যাবে : স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী

স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী আসাদুজ্জামান খান বলেছেন, বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা আছে। এ পরোয়ানা আইনের প্রক্রিয়ায় এগুচ্ছে। প্রক্রিয়া শেষে গ্রেফতারি পরোয়ানা থানায় যাবে। গতকাল ৭ মার্চ শনিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) সাগর-রুনি মিলনায়তনে আয়োজিত মিট দ্য রিপোর্টার্স অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-যায়যায়দিন (পৃ.৩,ক.২), ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), প্রথম আলো (পৃ.২,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.১)।

৪। বিশ্ব নারী দিবস আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী এ উপলক্ষে পৃথক বাণী দিয়েছেন

আজ ৮ মার্চ রোববার বিশ্ব নারী দিবস। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবুদল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। এ বছর দিবসটির প্রতিপাদ্য ‘নারীর ক্ষমতায়ন, মানবতার উন্নয়ন’। ৬৮টি নারী ও মানবাধিকার উন্নয়ন সংস্থার প্লাটফর্ম সামাজিক প্রতিরোধ কমিটি এবছর প্রতিপাদ্য করেছে সম্পদ-সম্পত্তিতে নারী-পুরুষের সমতা নারীর মানবাধিকারের নিশ্চয়তা। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.১), সংবাদ (পৃ.১,ক.১), সমকাল (পৃ.১,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.৪)। প্রথম আলো, নিউ এজ, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৫। রাষ্ট্রপতির ক্ষমতা বাড়াতে হবে : বিশিষ্ট নাগরিকদের প্রস্তাব

প্রতি পাঁচ বছর পর পর নির্বাচনের আগে ক্ষমতার পালাবদল নিয়ে দেশে যে সংঘাতের সৃষ্টি হচ্ছে, তার একটি স্থায়ী সমাধান দরকার। আর তা করতে হলে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর মধ্যে ক্ষমতার ভারসাম্য আনতে হবে। রাষ্ট্রপতির হাতে ক্ষমতা বাড়াতে হবে এবং জনগণের সরাসরি ভোটে তাঁকে নির্বাচিত করতে হবে। জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার আগে গণভোটের ব্যবস্থা রাখতে হবে। দেশের বিশিষ্ট নাগরিকেরা বর্তমান সংঘাতময় পরিস্থিতির দীর্ঘমেয়াদি সমাধান হিসেবে এ প্রস্তাব করেছেন। গতকাল ৭ মার্চ শনিবার নীতি গবেষণা সংস্থা পলিসি রিসার্চ ইনস্টিটিউট (পিআরআই) এর আন্তর্জাতিক রাষ্ট্রবিজ্ঞানী অ্যাসোসিয়েশন (আইপিএসএ) আয়োজিত ‘গণতান্ত্রিকতার পুনর্বিবেচনা : ফলাফলের জন্য ঐকমত্য’ শীর্ষক এক কর্মশালায় নাগরিকেরা এসব কথা বলেন। সূত্র-প্রথম আলো (পৃ.১,ক.২), ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), সমকাল (শেষ পৃ.,ক.২)।

৬। দেশের বিদ্যুৎ খাতে ২ লাখ ৫২ হাজার কোটি টাকা বিনিয়োগে আগ্রহী চীন

দেশের বিদ্যুৎ খাতে প্রায় ৩৩ বিলিয়ন ডলার বা দুই লাখ ৫২ হাজার কোটি টাকা বিনিয়োগে আগ্রহ দেখিয়েছে চীনা এক্সিম ব্যাংক। বিদ্যুৎ বিভাগের ১০ কোম্পানির ৬৫ প্রকল্পে এই অর্থ ব্যয় করা হবে। ইতোমধ্যে চীনা এক্সিম ব্যাংকের প্রতিনিধিরা বাংলাদেশে এসে বিনিয়োগ প্রস্তাব এবং প্রকল্পগুলো নিয়ে আলোচনা করেছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২)।

৭। প্রবল বন্যাঝুঁকিতে বাংলাদেশ, চীন ও ভারত

অর্থনৈতিক প্রবৃদ্ধির নিম্নসারিতে থাকা এবং জলবায়ু পরিবর্তনের কারণে প্রবল বন্যাঝুঁকিতে রয়েছে বাংলাদেশ, ভারত ও চীন। যুক্তরাষ্ট্রভিত্তিক ওয়ার্ল্ড রিসোর্সেস ইনস্টিটিউট (ডব্লিউআরআই) ও নেদারল্যান্ডসের বিশেষজ্ঞদের এক গবেষণায় এ তথ্য জানানো হয়েছে। সূত্র-আমাদের সময় (শেষ পৃ.,ক.১)।

৮। দেশে প্রতি ঘণ্টায় পাঁচ জন কিডনি রোগী মারা যাচ্ছে

দেশে প্রায় দুই কোটির বেশি মানুষ কিডনি রোগে আক্রান্ত। আর এই রোগে প্রতি ঘণ্টায় ৫ জন মানুষ মৃত্যুবরণ করছে। তবে এই রোগ সম্পর্কে শুধুমাত্র মানুষের মাঝে সচেতনতা সৃষ্টি করা সম্ভব হলে ৬০ শতাংশ কিডনি বিকল রোগ প্রতিরোধ করা সম্ভব। গতকাল ৭ মার্চ শনিবার জাতীয় প্রেসক্লাবে 'সবার জন্য সুস্থ কিডনি প্রয়োজন গণসচেতনতা' শীর্ষক গোলটেবিল আলোচনায় বক্তারা এ তথ্য জানান। সূত্র-ইনকিলাব (পৃ.৩,ক.২), যুগান্তর (পৃ.২,ক.২), ডেইলি সান (পৃ.৩,ক.২)।

৯। অবরোধে টেলিফোন এক্সচেঞ্জ, ভূমি অফিস ও গাড়িতে আগুন

বিএনপি নেতৃত্বাধীন ২০ দলীয় জোটের ডাকা লাগাতার অবরোধের ৬১তম দিন ছিল শনিবার। এদিন রাজশাহীর বাঘায় টেলিফোন এক্সচেঞ্জ, নোয়াখালী ও চাঁপাইনবাবগঞ্জে ভূমি অফিস, বগুড়ায় ২টি ট্রাক এবং ১টি অটোরিকশায় আগুন দেয় দুর্বৃত্তরা। আগুনে টেলিফোন এক্সচেঞ্জের বিভিন্ন যন্ত্রাংশ পুড়ে যাওয়ায় বাঘায় বিকল হয়ে পড়েছে ২৮৫টি সংযোগ। বেশ কয়েকটি স্থানে ভাঙচুর করা হয়েছে গাড়ি। জব্দ করা হয়েছে আগ্নেয়াস্ত্র ও পেট্রোলবোমা। রাতে চট্টগ্রামে শাটল ট্রেনে ককটেল হামলায় একজন আহত হন। এ সময় ট্রেনে আগুন দেওয়ার চেষ্টাও চালায় দুর্বৃত্তরা। সারাদেশে বিএনপি, জামায়াত ও শিবিরের অন্তত ১২৪ নেতাকর্মীকে গ্রেফতার করেছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.২), সংবাদ (পৃ.১,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ডেইলি সান (শেষ পৃ.,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.৩)।

১০। সোয়াইন ফ্লু ঝুঁকিতে দেশ

ভারতে সোয়াইন ফ্লুর ব্যাপক বিস্তারে ঝুঁকিতে পড়েছে বাংলাদেশ। ইতোমধ্যে বাংলাদেশে ৩ জন সোয়াইন ফ্লু (ইনফ্লুয়েঞ্জা এ এইচ১এন১) ভাইরাসে আক্রান্ত হয়েছে। এর মধ্যে দু'জন চিকিৎসার পর সুস্থ হয়েছেন। স্বাস্থ্য মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদফতর ঝুঁকি রোধে প্রস্তুতি নিয়েছে। বিমানবন্দর ও স্থলবন্দরগুলোতে স্ক্যানার মেশিন স্থাপনসহ বিভিন্ন টিম গঠন করা হয়েছে। এসব স্থানে এ পর্যন্ত ৭টি থার্মাল স্ক্যানার বসানো হয়েছে। সূত্র-ইনকিলাব এ বিষয়ে লিড নিউজ ছেপেছে। ইত্তেফাক (পৃ.৭,ক.৩), সংবাদ (শেষ পৃ.,ক.৩), ডেইলি সান (শেষ পৃ.,ক.৩), নিউ নেশন (শেষ পৃ.,ক.২)।

১১। দেশে তৈরি হয় এমন ওষুধই দ্বিগুণ দামে আমদানি

বাংলাদেশে উৎপাদিত ওষুধ আন্তর্জাতিক মানের হওয়ায় বিশ্বের বিভিন্ন দেশ এখান থেকে ওষুধ আমদানি করছে। দেশীয় চাহিদা পুরোপুরি মিটিয়ে ওষুধ রপ্তানি করে বাংলাদেশ প্রতিবছর বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা আয় করছে। অবাক করা খবর হলোঃ বাংলাদেশে উৎপাদিত হয় এমন অনেক ওষুধই দ্বিগুণ বা তারও বেশি দামে বিদেশ থেকে আমদানি করা হচ্ছে জানা গেছে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.২)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, সমকাল, ইনকিলাব, ডেইলি সান : সীমান্ত দিয়ে দেশে রোহিঙ্গা অনুপ্রবেশ বন্ধে কঠোর নজরদারির সুপারিশ;

খ. ইত্তেফাক : রাজধানীর হাজারিবাগ হতে চামড়াশিল্প সাভারের হেমায়েতপুর এলাকায় স্থানান্তর জরুরিভিত্তিতে করা হবে এই প্রত্যাশা ব্যক্ত;

গ. ইত্তেফাক, সংবাদ, জনকণ্ঠ, প্রথম আলো, নিউজ টুডে, ডেইলি সান, নিউ এজ : নারী সমাজের অধিকার ক্ষুণ্ন করে সুষম সমাজ ব্যবস্থা গড়ে তোলা সম্ভব নয় উল্লেখ করে একটি পরিপূর্ণ নারীবান্ধব সমাজ গড়ে তোলা হোক এটাই এবারের আন্তর্জাতিক নারী দিবসের অঙ্গীকার বলে মন্তব্য;

ঘ. সমকাল : দুর্নীতি দমন কমিশনের সুষ্ঠু কার্যকারিতার স্বার্থে দেশের অন্যান্য আইনের যেসব ধারা দুদক আইনের সাথে সাংঘর্ষিক সেগুলোর সংশোধন ও পরিমার্জন জরুরিভিত্তিতে করার ওপর গুরুত্বারোপ;

ঙ. ইনকিলাব : নগরবাসীর চাহিদানুযায়ী বিশুদ্ধ ও মানসম্পন্ন পানি সরবরাহ করতে ওয়াসার প্রতি আহ্বান;

চ. ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট : মেয়েদের বিয়ের বয়স ১৮ নির্ধারিত হলেও একই সাথে পিতামাতার সম্মতিতে বয়স ষোলও কার্যকর হওয়ায় সমাজে এ কারণে বাল্যবিয়ের প্রবণতা বাড়ার আশঙ্কা প্রকাশ;

ছ. নিউজ টুডে : 'সিল্ক রোড ইকোনোমিক বেল্ট' ও 'মেরিটাইম সিল্ক রোড' এ অন্তর্ভুক্ত হতে চীন বাংলাদেশের সাথে চুক্তি করতে আগ্রহী হওয়ার উল্লেখ করে উভয় দেশের অর্থনৈতিক উন্নতিতে তা ব্যাপক প্রভাব ফেলবে বলে অভিমত;

জ. নিজ এজ : নদী ভাঙন প্রতিরোধে কর্তৃপক্ষকে যথাযথ ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ঝ. ফিনানসিয়াল এক্সপ্রেস : বিদেশি বিনিয়োগ প্রবাহের ধারা অক্ষুণ্ন রাখতে বিনিয়োগ বোর্ডকে বিনিয়োগ সংক্রান্ত সব বাধা দূর করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে মানবিক প্রগতির অভাবে অর্থনৈতিক প্রগতি থেমে থাকতে পারে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত 'যেতে হবে আরও বহুদূর' শিরোনামের নিবন্ধে রাশেদা কে চৌধুরী নারী-পুরুষের বিদ্যমান বৈষম্য হ্রাসে সবাই এগিয়ে এলে নারীর ক্ষমতায়নের পথ সহজ হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা